দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 FEB [illegible]
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# গাইডসহ স্কুলশিক্ষককে হাতেনাতে ধরলেন ইউএনও

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জ শহরের গণবিদ্যা নিকেতন স্কুলে গাইড বই দিয়ে শিক্ষার্থীদের পাঠদানকালে হাতেনাতে শিক্ষককে ধরে ফেললেন সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও)। এ সময়ে তার সঙ্গে উপজেলা শিক্ষা অফিসের কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। বুধবার দুপুরে এ অভিযানের সময়ে স্কুলটির প্রধান শিক্ষক ৪ দিন স্কুলে অনুপস্থিত থাকায় তাকে শোকজ করা হয়েছে।

ইউএনও গাউছুল আজম জানান, শহরের গণবিদ্যা নিকেতনে হাজিরা খাতায় দেখা যায়, স্কুলটির প্রধান শিক্ষক আব্দুল কাইউম গত ৪ দিবস ধরে অনুপস্থিত রয়েছেন। এ সময়ে শ্রেণীতে পরিদর্শনে গেলে দেখা যায় দেলোয়ার হোসেন নামে একজন ইংরেজি শিক্ষক গাইড বই দিয়ে পাঠদান করছেন। অথচ শিক্ষা বোর্ডের অনুমোদন ছাড়া কোন ধ[illegible] গাইড কিংবা গ্রামার বই শি[illegible] পাঠ্যতালিকায় অন্তর্ভুক্ত [illegible] না।